

পুনর্বাসন কর্ম পরিকল্পনা

সার-সংক্ষেপ

সার-সংক্ষেপ

প্রকল্পের বিবরণ

জাপান আন্তর্জাতিক সহযোগিতা সংস্থা (জাইকা) এর আর্থিক সুবিধা/ঋণ নিয়ে বাংলাদেশ সরকার ঢাকা মহানগরীর জন দুর্ভোগ হ্রাসকল্পে যানজট ও বায়ু দূষণকে সহনীয় পর্যায়ে উন্নতির লক্ষ্যে একটি ম্যাস র‍্যাপিড ট্রানজিট সিস্টেম নির্মাণের প্রকল্প গ্রহণ করেছে। উক্ত প্রকল্পটি বৃহত্তর ঢাকা মহানগরীর অর্থনৈতিক ও সামাজিক উন্নয়নে বিশেষ অবদান রাখবে বলে আশা করা হচ্ছে। প্রকল্পটির সংশোধিত কৌশলগত পরিবহন পরিকল্পনায় (Revised Strategic Transport Plan, RSTP) আরবান এমআরটি লাইন-৫-কে উচ্চ অগ্রাধিকার প্রকল্প হিসাবে বিশেষভাবে প্রাধান্য দেয়া হয়েছে।

উল্লিখিত প্রকল্পের পুনর্বাসন কর্ম পরিকল্পনাটি (Resettlement Action Plan) বাংলাদেশ সরকার কর্তৃক প্রণীত জাতীয় আইন, এবং জাইকা-এর পরিবেশ ও সামাজিক ও জনবান্ধব বিবেচ্য নির্দেশিকা, এবং বিশ্বব্যাংকের ওপি ৪.১২ নীতির ভিত্তিতে প্রস্তুতকৃত পুনর্বাসন ফ্রেমওয়ার্ক (Resettlement Framework) এর সাথে সামঞ্জস্য রেখে প্রস্তুত করা হয়েছে। উক্ত পুনর্বাসন কর্ম পরিকল্পনা বাস্তবায়নের লক্ষ্যে ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানিকে একটি পুনর্বাসন কর্ম পরিকল্পনা বাস্তবায়নকারী এনজিও (আন্তর্জাতিক বেসরকারী সংস্থা) বা সামাজিক পরামর্শদাতা সংস্থাকে (IA) নিযুক্ত করার ক্ষমতা অর্পণ করা হয়।

১৪টি স্টেশন ও একটি ডিপো এলাকাসহ এমআরটি লাইন-৫ (উত্তর) এর মোট দৈর্ঘ্য হবে ২০.০ কি.মি.। স্টেশনগুলো মাটির উপরিভাগে এবং নীচে - উভয়ভাগেই অবস্থিত হবে। এই এমআরটি লাইনের ডিপোটি হেমায়েতপুরে নির্মাণ করা হবে। মেট্রো টানেলের গড় গভীরতা থাকবে ৩০মিটার। এলিভেটেড স্টেশনগুলোর অবস্থা সারণী-১ এ দেখানো হয়েছে:

সারণী-১: এমআরটি লাইন-৫ এলিভেটেড স্টেশনের জন্য সম্ভাব্য ক্ষতিগ্রস্থ (affected) এলাকার অবস্থার বিবরণ

| ক্রমিক নং | স্টেশনের নাম | জনবসতি (আবাসিক/ব্যবসায়িক এলাকা)-এর নীচ দিয়ে যাওয়া টানেলসমূহ | টানেলের অবস্থা | দৈর্ঘ্য (মিঃ) | ক্ষতিগ্রস্থ(affected) প্রস্থ (মিঃ) | মোট ক্ষতিগ্রস্থ (affected) এলাকা (হেক্টর) |
|--------------|-----------------|--|------------------------|------------------|---------------------------------------|--|
| | | | | | | সম্ভাব্য প্রভাবিত এলাকা (ক্ষেত্রফল = দৈর্ঘ্যx প্রস্থ) |
| ১ | হেমায়েতপুর | - | উচু (এলিভেটেড) | ১৮৫ | ৩০ | ০.৫৬ |
| ২ | বালিয়ারপুর | - | উচু (এলিভেটেড) | ১৮৫ | ৩০ | ০.৫৬ |
| ৩ | বিলামালিয়া | - | উচু (এলিভেটেড) | ১৮৫ | ৩০ | ০.৫৬ |
| ৪ | আমিন বাজার | - | উচু (এলিভেটেড) | ১৮৫ | ৩০ | ০.৫৬ |
| ৫ | ভাটারা | - | উচু (এলিভেটেড) | ১৮৫ | ৩৫ | ০.৬৫ |
| ৬ | ডিপো এলাকা | - | সমতলে (এ্যাট গ্রেড) | - | - | ২১.৯৯ |

ভূমি অধিগ্রহণ এবং এর প্রভাব (impact)

ভূমি অধিগ্রহণ(Land Acquisition)

প্রকল্পের স্বার্থে সর্বমোট ২১.৯৯ হেক্টর ভূমি অধিগ্রহণ করার প্রয়োজন হবে। তবে, বিভিন্ন রুট বরাবর ছোট ছোট এলাকায় (pockets), মূলত: স্টেশন এলাকায়, আনুমানিক অতিরিক্ত ১.৫৭ হেক্টর ভূমি প্রয়োজন হবে।

পুনর্বাসন(Resettlement)

প্রকল্প বাস্তবায়নের ফলে ডিপো এবং স্টেশন এলাকায় প্রকল্পের কারণে সরাসরি ক্ষতিগ্রস্থ ইউনিটের সংখ্যা ১১০৭-টি (৪৪ টাইটেল হোল্ডারসহ) হবে। ক্ষতিগ্রস্থ ইউনিটের আওতায় ২৯ আবাসিক বসতবাড়ি (HHs), ৩৬৯ সিবিই, এবং ০৪টি আবাসিক এবং বাণিজ্যিক ও ব্যবসা উদ্যোগ (সিবিই), ৬৬৩ বিক্রেতা বা অস্থায়ী দোকান ক্ষতিগ্রস্থ হবে, এবং ৪৬ বাসাবাড়ি অন্যান্য সম্পত্তি হারাবে। এছাড়াও, ২৪ কমন প্রপার্টি রিসোর্স (সিপিআর) এ প্রকল্পের মাধ্যমে ক্ষতিগ্রস্থ হবে।

প্রকল্পের অধীনে বিভিন্ন ধরনের সর্বমোট ৪৬৯টি কাঠামো (structures) (১৭,৯৩১ বর্গমিটার এলাকা) ক্ষতিগ্রস্ত হবে, যার মধ্যে ৭,৭৬৫ বর্গমিটার পাকা, ৫,১১৭ বর্গমিটার সেমি-পাকা, ৯৭৮ বর্গমিটার টিনশেড, ৩,৮৪২ বর্গমিটার কাঁচা এবং ২২৮ বর্গমিটার তারপুলিন আচ্ছাদিত এলাকা রয়েছে।

উল্লিখিত ক্ষতির বিপরীতে ক্ষতিপূরণ দেয়া হবে এবং এর মাধ্যমে ক্ষতিগ্রস্তরা নিজেদের পুনর্বাসন ও স্বাভাবিক জীবনযাত্রায় ফিরে আসার ব্যবস্থা করতে পারবে বলে আশা করা হচ্ছে। প্রকল্পটি এই মর্মে নিশ্চয়তা প্রদান করে যে, প্রকল্পের কারণে ক্ষতিগ্রস্ত জনগোষ্ঠীকে আরও অতিরিক্ত সহায়তা প্রদান করা হবে।

ক্ষতিগ্রস্তদের জনসংখ্যাতাত্ত্বিক রূপরেখা (Demographic Profile of Affected People)

প্রকল্পের দ্বারা ৫৬.১৬% পুরুষ ও ৪৩.৮৪% নারীসহ সর্বমোট ৪,৬৬০ ব্যক্তি ক্ষতিগ্রস্ত হবে বলে সনাক্ত করা হয়েছে। প্রকল্প আওতাধীন এলাকায় গড় পরিবারের আকার ৪.২ যা জাতীয় গড় থেকে কম। এর মাঝে শতকরা ৩ ভাগের কম পরিবারের প্রধান মহিলা। নারী-পুরুষ নির্বিশেষে মোট জনসংখ্যার বেশীর ভাগ ১৫-২৯ বছরের বয়সী, এরপর ৩০-৪৪ বছর বয়সী এবং অবশিষ্ট অংশের বয়স ১৪ বছরের মধ্যে। শতকরা ১৭.৪৫ ভাগের বেশী জনসংখ্যা ৪৫-৫৯ বছরের মধ্যে এবং ৬০ বা তদুর্ধে বয়সীর সংখ্যা ১১.৩৯% এর কিছুটা বেশী।

পরিবার প্রধানদের মাত্র ১.৫৪% এর প্রাতিষ্ঠানিক শিক্ষা নেই, ১২.৩৮% মাধ্যমিক এবং ০৪% স্নাতক শিক্ষা শেষ করেছে। শতকরা ৩৮ ভাগের বেশী পরিবার প্রধান পঞ্চম শ্রেণী পর্যন্ত শিক্ষা শেষ করেছে। সাধারণভাবে, তরুণ প্রজন্মের পরিবার প্রধানরা বয়স্কদের তুলনায় বেশী উচ্চ শিক্ষিত।

সামাজিক পরিবেশ(Social Environment)

ভূ-দৃশ্য (Landscape)

হেমায়েতপুরে অধিকৃত জমিটি ব্যক্তি মালিকানাধীন এবং তা মূলত: ডিপো এলাকার জন্য নেয়া হয়েছে। অধিকাংশ এলাকাই কৃষি ভূমি, অবশিষ্টাংশ ভিটা (বাসস্থান) এবং সেখানে কোন জলাশয় নেই। এছাড়াও এমআরটি লাইন এবং তার বিভিন্ন অংশ নির্মাণের জন্য সরকারী মালিকানাধীন (খাস) জমি ব্যবহার করা হবে।

ভূমি ও স্থানীয় সম্পদের ব্যবহার(Land Use and Utilization of Local Resources)

প্রকল্পের অধিকৃত ভূমির বেশীর ভাগই কৃষিকাজে এবং কিছু অংশ ভিটা হিসেবে ব্যবহৃত হচ্ছে। তবে, এমআরটি-এর রাস্তার (মাটির উপরে বা নীচে) এবং স্টেশনের (মাটির উপরে বা নীচে) জন্য প্রয়োজনীয় জমির বেশীর ভাগই সরকারী মালিকানাধীন, এবং শহরের সড়ক নেটওয়ার্কের অংশ। এই প্রকল্পের দ্বারা ক্ষতিগ্রস্ত এলাকার বেশীর ভাগই বাণিজ্যিক ও ব্যবসায়িক স্থাপনা। প্রধানত: আমিন বাজার থেকে হেমায়েতপুর পর্যন্ত রাস্তা বরাবর আশেপাশের কিছু শিল্প কারখানার স্থাপনা রয়েছে। সড়ক নেটওয়ার্কের সুবিধা নিয়ে লোকেরা তাদের জীবিকা ও ব্যবসা করছে।

প্রকল্প এলাকায় কিছু সবুজ বেগুন বা কিছু গাছ আচ্ছাদিত এলাকা রয়েছে। এর বেশীর ভাগই হেমায়েতপুর এলাকায় অবস্থিত। প্রকল্প এলাকা থেকে বিভিন্ন আকৃতি ও ধরনের ৯৩৮টি গাছ কেটে ফেলতে হবে, যার বেশীর ভাগই ফলের গাছ।

জাতিগত সংখ্যালঘু এবং আদিবাসী জনগোষ্ঠী (*Ethnic Minorities and Indigenous People*)

ক্ষতিগ্রস্ত পরিবারের ৯৬% মুসলিম এবং বাকিরা হিন্দুধর্মীয় বিশ্বাসী। প্রকল্প এলাকায় অন্য কোন ধর্মীয় সম্প্রদায়কে সনাক্ত করা যায় নি।

”আদিবাসী” শব্দটি বাংলাদেশে একটি সাধারণ শব্দ যা জাতিগত সংখ্যালঘু, উপজাতি, পাহাড়ী ও ঝামিয়াসহ বিভিন্ন সাংস্কৃতিক পরিচয়কে অন্তর্ভুক্ত করে। তবে, আদিবাসী বা জাতিগত সংখ্যালঘু শব্দটি সবচেয়ে প্রচলিত ও পছন্দসই, যা উল্লেখিত সকলকে একটি ”পরিচয়”এ অন্তর্ভুক্ত করে। এর কারণ আদিবাসী সম্প্রদায়ের স্বতন্ত্র সামাজিক উৎস ও সাংস্কৃতিক জীবনধারা (*social origins and cultural lives*) রয়েছে। তারা বাংলাদেশের মোট জনসংখ্যার প্রায় ১.১% অংশ এবং মূলত: পার্বত্য চট্টগ্রামে (CHT) বাস করে। প্রকল্প এলাকায় কোন জাতিগত সংখ্যালঘু সম্প্রদায়কে সনাক্ত করা যায়নি।

পানি ব্যবহার (*Water Usage*)

শহরের বাসিন্দারা মূলত: ঢাকা ওয়াটার সাপ্লাই এন্ড স্যুরেজ অথরিটি (DWASA) এর মাধ্যমে সরবরাহকৃত পানি ব্যবহার করে। ওয়াসা কর্তৃক সরবরাহকৃত পানির গুণগত মান এবং প্রয়োজনীয় পরিমাণ নিয়ে নগরবাসীদের অভিযোগ রয়েছে। সিটি কর্পোরেশন এর বাইরে বসবাসকারী প্রকল্প এলাকার জনগণ দৈনন্দিন প্রয়োজনে মূলত: গভীর ও অগভীর নলকূপের পানি ব্যবহার করে।

স্থানীয় অর্থনীতি (*Local Economies*)

এই প্রকল্পের আওতাধীন স্টেশনগুলোর অনেকগুলো ব্যবসা কেন্দ্রের কাছে অবস্থিত যেখানে সাধারণত লোকজন একত্রিত হয়। তাই কিছু ব্যবস্থার মাধ্যমে অথবা যেখানে সুযোগ পেয়েছে সরকারী জায়গা দখল করে কিছু ব্যবসা ও ছোট দোকান গড়ে উঠেছে। এখানে মোট জনসংখ্যা ১,১০৭ জন এবং শতকরা ৯০ ভাগের বেশী পরিবার প্রধান ব্যবসার সাথে যুক্ত। পরিবার প্রধানদের ০.৭% সরকারী বা অন্যান্য সংস্থায় চাকুরীরত, ১.৫% রিকশা/ভ্যান চালনা বা মেকানিক এবং ১.৪৫% গৃহস্থালি কাজের সাথে জড়িত। এক্ষেত্রে পরিবার প্রধান মূলত: মহিলা। অন্যদিকে, ০.২৭% জনসংখ্যা বয়স্ক/অবসরপ্রাপ্ত এবং এদের কোন নির্দিষ্ট আয়ের উৎস নেই। প্রায় ৩.৯৭% পরিবার প্রধান অন্যান্য পেশার সাথে জড়িত; তাদের অনেকে বিশেষ দক্ষ হিসেবে শ্রমজীবী হিসেবে কাজ করে। ক্ষতিগ্রস্তদের ৬২% এর বেশী ক্ষুদ্র ব্যবসা, ২৪.০৩% মাঝারি ব্যবসা ও অবশিষ্টাংশ বড় ব্যবসা হারাবে। বিভিন্ন মানদণ্ড, যেমন, ব্যবসা নিবন্ধন, আয়কর প্রদান করে বা করে না - ইত্যাদির ভিত্তিতে ব্যবসা শ্রেণীভাগ করা হয়েছে।

দরিদ্র জনগোষ্ঠী (*Poor People*)

প্রকল্প এলাকায় আনুমানিক ৪.৭৯% পরিবারের বাৎসরিক আয় ৳১০৮,০০০/- টাকার কম। এলাকার সামগ্রিক অর্থনৈতিক অবস্থার প্রেক্ষিতে এই পরিবারগুলোকে দরিদ্র পরিবার হিসেবে বিবেচনা করা যায়। এখানে বাৎসরিক পারিবারিক আয় ৳১০৮,০০০/- থেকে ৳২০০,০০০/- এর মধ্যে হলে দরিদ্র (২৪.৮৪%) এবং আয় ৳২০০,০০০/- এর বেশী হলে দরিদ্র নয় বলে বিবেচনা করা হয়েছে। অতি-দরিদ্র এবং দরিদ্র পরিবারগুলো পুনর্বাসন কর্ম পরিকল্পনার নীতি অনুযায়ী বিশেষ সহায়তা, যেমন, IGA প্রশিক্ষণ এবং আয় ও জীবিকা পুনরুদ্ধার প্রোগ্রামের

আওতায় অন্যান্য সহায়তা পেতে পারে। অন্যদিকে, শতকরা ২৮ ভাগেরও অধিক ক্ষতিগ্রস্ত পরিবারের বাৎসরিক আয় ৮৫০০,০০০/- এর উর্দে।

বিপদাপন্নতা এবং জেভার (Vulnerability and Gender)

প্রকল্প জরিপে ১৬৬টি বিপদাপন্ন পরিবারকে সনাক্ত করা হয়েছে। এ পরিবারগুলো মহিলা, বয়স্ক ব্যক্তি, অক্ষম ব্যক্তি এবং পুরুষ পরিবার প্রধান বিশিষ্ট, কিন্তু দারিদ্রসীমার নীচে অবস্থানরত। প্রকল্প এলাকায় ক্ষতিগ্রস্ত সকল পরিবারকেই বিপদাপন্ন বলে সনাক্ত করা হয়েছে। এর মাঝে অর্ধেকের বেশী পরিবারের প্রধান পুরুষ এবং এরা সকলেই দারিদ্রসীমার নীচে অবস্থিত। এ সকল বিপদাপন্ন ক্ষতিগ্রস্ত জনগোষ্ঠীদের জন্য বিশেষ সহায়তা যেমন, অতিরিক্ত জীবিকা(subsistence) ও স্থানান্তর (relocation) সহায়তা, দক্ষ প্রশিক্ষণ ও আয় পুনরুদ্ধারের সুযোগ, এবং সাধারণ নির্মাণ কাজে নিয়োগের সুযোগ দেয়ার প্রয়োজন হবে।

লাইভলিহুড ও আয় পুনরুদ্ধার প্রোগ্রামের আওতায় মহিলা ক্ষতিগ্রস্তদের আয় সৃষ্টিকারী কর্মকাণ্ডের মাধ্যমে উপার্জনের জন্য অতিরিক্ত সাহায্য ও সহযোগিতার প্রয়োজন হবে। মহিলাদের অধিকার নিশ্চিত করার জন্য যথাযথ ব্যবস্থা নেয়া হবে এবং পুনর্বাসনের ক্ষেত্রে তা সুরক্ষা করা হবে। পুনর্বাসন কর্ম পরিকল্পনা বাস্তবায়নকারী সংস্থা কর্তৃক মহিলা কর্মী নিয়োগ, আয় পুনরুদ্ধার প্রোগ্রাম (Income Restoration Programs) এর পরিকল্পনা ও বাস্তবায়নসহ মহিলা পরিবার প্রধান এবং মহিলাদের পুনর্বাসন কাজে সহায়তা, পুনর্বাসন পরিকল্পনা, ব্যবস্থাপনা ও পরিচালনা(resettlement planning, management, and operations), চাকুরীর ক্ষেত্রে তৈরীকরণ ও আয় এর নতুন উৎস (Income generation) তৈরীকরণ ইত্যাদিতে মহিলাদের অর্ন্তভুক্ত করার ব্যবস্থা করতে হবে।

বিদ্যমান সামাজিক অবকাঠামো ও সেবাসমূহ(Existing Social Infrastructures and Services)

প্রকল্পটি ঢাকা ও সাভার উপজেলার DNCC এবং DSCC এলাকা জুড়ে অবস্থিত এবং স্থানীয় সরকারের অংশ হিসেবে মেয়র ও কাউন্সিলরদের দ্বারা পরিচালিত হয়। তবে প্রশাসনিক কাজের জন্য প্রকল্প এলাকাটি ঢাকা জেলার মধ্যে রয়েছে। ঢাকা জেলা প্রশাসনের পাশাপাশি রাজউক, ঢাকা ওয়াসা, পিডিবি, আর.এইচ.ডি. ও অন্যান্য সংস্থাও জড়িত। এছাড়া প্রকল্পের বিভিন্ন অংশে বাজারের CBDs এর জন্য আনুষ্ঠানিক বা অনানুষ্ঠানিক সমিতি বা সংস্থা প্রকল্পের সাথে সংশ্লিষ্ট আছে।

স্থানীয় স্বার্থের দ্বন্দ্ব (Local Conflicts of Interest)

স্থানীয় দ্বন্দ্ব প্রধানত কিছু দল বা ব্যক্তির ক্ষমতার অপব্যবহারের মাধ্যমে তৈরী হয়। স্থানীয় সমস্যা ও দ্বন্দ্বগুলি প্রধানত আনুষ্ঠানিক ও অনানুষ্ঠানিক দলের মাধ্যমে স্থানীয় সরকার প্রতিনিধিদের সহায়তায় সমাধান করা হয় এবং এক্ষেত্রে প্রয়োজনে অন্যান্য সংশ্লিষ্ট সংস্থাগুলো জড়িত থাকে।

সামাজিক কাঠামো (Social Structure)

সাধারণভাবে বাংলাদেশের সমাজ একটি ঐতিহ্যগত সমাজ। তবে, অন্যান্য শহরবাসীদের মতো এ শহরের কিছু অনন্য বৈশিষ্ট্য, যেমন, দেশের বিভিন্ন প্রান্ত থেকে আগত অভিবাসীদের বৈচিত্র্যপূর্ণ সামাজিক পটভূমি (diversified social background) আছে।

প্রকল্পের দ্বারা সামাজিক সংস্থা বা সম্পদ হিসেবে সনাক্তকৃত ২৪টি কমন প্রপার্টি রিসোর্স (Common Property Resources, CPRs) ক্ষতিগ্রস্ত হবে। সিপিআর-গুলোর মধ্যে মসজিদ, মাদ্রাসা, স্কুল/কলেজ, মাজার, অফিস ইত্যাদি রয়েছে। স্থানীয় সিদ্ধান্ত গ্রহণের ক্ষেত্রে স্থানীয় অভিজাত ব্যক্তিবর্গ, জনপ্রতিনিধিগণ ও অন্যান্য রাজনৈতিক নেতৃবৃন্দের প্রভাব রয়েছে।

সুবিধা ও ক্ষতির অসামঞ্জস্যপূর্ণ বিতরণ (Misdistribution of Benefits and Damages)

এমআরটি লাইনের সুবিধাগুলো সকলের জন্য সমানভাবে প্রযোজ্য (distributed) হবে না। স্টেশনের কাছাকাছি এলাকার জনগণ নিশ্চিতভাবেই বেশী উপকৃত হবে। তবে, সম্পদ ও জীবিকার ক্ষতির বোঝা ক্ষতিগ্রস্তদেরকেই বহন করতে হবে। এটা অনুমান করা হচ্ছে যে, ক্ষতিগ্রস্ত কিন্তু আর্থিকভাবে সচ্ছল ব্যক্তিবর্গ প্রাপ্ত ক্ষতিপূরণ ও প্রকল্পের অবকাঠামোর অবস্থানগত সুবিধাকে ব্যবহার করে ক্ষতির পুনরুদ্ধার (recover their damages) করতে সক্ষম হবে। কিন্তু দুর্বল এবং প্রান্তিক জনগোষ্ঠীকে তাদের ক্ষতি পুনরুদ্ধার করতে সংগ্রাম করতে হবে।

সাংস্কৃতিক ঐতিহ্য (Cultural Heritage)

প্রকল্পের রাইট অফ ওয়ে (RoW) প্রধানত শহরের সড়ক নেটওয়ার্কের মধ্যে দিয়ে গিয়েছে। এটা লক্ষণীয় যে, সাংস্কৃতিক ঐতিহ্য সম্পর্কিত কোনও অবকাঠামো প্রকল্প এলাকায় অনুপস্থিত।

সংক্রামক রোগ (Infectious Diseases)

শহরবাসী হিসেবে রাজধানী ঢাকার জনগণ সংক্রামক ব্যাধি যেমন, এইচআইভি/এইডস্ এবং তার পরিণতি সম্পর্কে সচেতন। তবে, প্রকল্প এলাকায় কোনও এইচআইভি/এইডস্ রোগী পাওয়া যায়নি। প্রকল্পের নির্মাণকালীন সময়ে প্রচুর সংখ্যক পুরুষ শ্রমিকের অভিবাসনের কারণে স্থানীয় জনগোষ্ঠীকে এইচআইভি/এইডস্ এর বিরুদ্ধে সর্তকতামূলক ব্যবস্থা গ্রহণের জন্য প্রস্তুত থাকতে হবে। স্থানীয় জনগণের মধ্যে এই বিষয়ে এবং অন্যান্য সংবেদনশীল সামাজিক সমস্যার বিষয়ে জনসচেতনতা বৃদ্ধির জন্য কাজ করা আন্তর্জাতিক বেসরকারী সংস্থার দায়িত্বের অংশ।

শিশুদের অধিকার (Children's Rights)

সরকারের প্রচার ও এনজিও-দের কার্যক্রমের কারণে শহরের বিভিন্ন এলাকার জনগণ শিশু অধিকার সম্পর্কে সচেতন। তবে, অনেক এলাকায় কিছু নৈমিত্তিক শিশু শ্রমিক পাওয়া যায়।

কর্মস্থলের অবস্থা (Working condition)

প্রকল্পের কারণে ছোট ছোট বাণিজ্যিক কেন্দ্র সহ অনেক ব্যবসায়িক ও বাণিজ্যিক উদ্যোগ বা অবকাঠামো ক্ষতিগ্রস্ত হবে, যেখানে অনেক মানুষ কাজ করে জীবিকা নির্বাহ করে। প্রকল্পের এলাকার আশেপাশে কিছু ছোট শিল্প কারখানা আছে। এইসব শিল্প-কারখানায় পেশাগত নিরাপত্তা ব্যবস্থা কঠোরভাবে পালন করা হয় না। তবে, প্রকল্প এলাকার গার্মেন্টস কারখানার পেশাগত নিরাপত্তা বিষয়গুলোতে বিদেশী ক্রেতাদের চাহিদার কারণে কিছুটা আন্তর্জাতিক মান অনুসার করা হয়।

ক্ষতিপূরণ এবং স্বভাধিকারবৃত্তি (*Compensation and Entitlements*)

ক্ষতিগ্রস্থ ব্যক্তিদের হারানো সম্পত্তির বিপরীতে আইন (CCL) ও ডিএমটিসি হতে প্রদত্ত পুনর্বাসন অনুদানের (resettlement grants from DMTC) মাধ্যমে ডিসি কর্তৃক আর্থিক ক্ষতিপূরণ দেয়া হবে। ক্ষতিপূরণগুলো বিভিন্ন ভাতা, যেমন, (১) ভূমির প্রতিস্থাপন মূল্য, (২) কাঠামো ও বৃক্ষাদির প্রতিস্থাপন মূল্য, এবং (৩) প্রয়োজন অনুযায়ী অন্যান্য পুনর্বাসন সহায়তা (যেমন, কাঠামো হস্তান্তর অনুদান, ব্যবসা পুনরুদ্ধার অনুদান, ফসলাদি, চাষযোগ্য জমির সুবিধাদি, স্থানচ্যুতি (dislocation) এর কারণে আয়ের ক্ষতি) ইত্যাদির উপর ভিত্তি করে দেয়া হবে। মহিলা পরিবার - প্রধান বিশিষ্ট এবং অন্যান্য বিপদাপন্ন পরিবারসমূহের জীবিকার উন্নয়ন, তা সম্ভব না হলে কমপক্ষে পুনরুদ্ধার, এর জন্য অতিরিক্ত আর্থিক সহায়তার জন্য উপযুক্ত হবে। ক্ষতিপূরণ ও স্বভাধিকারবৃত্তি (Compensation and entitlements) বিভিন্ন প্রভাব ও ক্ষতির উপর ভিত্তি করে সনাক্তকরা হয়েছে যা অন্যান্য অনুমোদনপ্রাপ্ত প্রকল্পের অনুরূপ। এগুলো সারণী-২ এ উপস্থাপন করা হয়েছে:

সারণী-২: ক্ষতিপূরণ ও প্রাপ্তিযোগ্যতার সারণি (Compensation and Entitlement Matrix)

| ক্রম নং | ক্ষতির ধরণ | অধিকারী ব্যক্তি (সুবিধাভোগী) | স্বত্বাধিকারবৃত্তিEntitlement (Compensation Package) | বাস্তবায়নের বিষয়/নির্দেশিকা |
|------------|--|---------------------------------|--|--|
| ১ | বাস্তুভিটা, বাণিজ্যিক, কৃষি ভূমি, পুকুর, নীচু জলাশয় এবং ফলের বাগান | জমির আইনগত মালিক(গণ) | <p>১. পিভিএসি (PVAC) কর্তৃক নির্ধারিত জমির প্রতিস্থাপন মূল্য (আইনগত (CCL) আর্থিক ক্ষতিপূরণ এবং জমির বর্তমান মূল্যের জন্য অতিরিক্ত অনুদান এবং জমির সিএমপি এর জন্য স্ট্যাম্প ডিউটি ও নিবন্ধন খরচ @ ১১.৫%)।</p> <p>২. জমিতে অবস্থানরত ফসলাদির জন্য প্রকৃত মালিক/চাষীদের পিভিএসি কর্তৃক নির্ধারিত ক্ষতিপূরণ।</p> | <p>১. যৌথ প্রতিপাদন (Verification) জরিপের (JVS)মাধ্যমে জমির পরিমান ও গুণগত মান মূল্যায়ন।</p> <p>২. ভূমি বাজার মূল্য জরিপের মাধ্যমে জমির বাজার মূল্য মূল্যায়ন।</p> <p>৩. আইনানুগ (CCL) আর্থিক ক্ষতিপূরণ মূল্যায়ন।</p> <p>৪. ক্ষতিগ্রস্থ ব্যক্তিদের উপাধী (title) হালনাগাদকরণ।</p> <p>৫. আইনানুগ (CCL) আর্থিক ক্ষতিপূরণ প্রদান।</p> <p>৬. ক্ষতিগ্রস্থব্যক্তিদের প্রদেয় অর্থ সম্পর্কিত এনটাইটেলমেন্ট ও কার্যপ্রণালী সম্বন্ধে অবহিত করা হবে।</p> |

| | | | | |
|---|--|--|--|--|
| | | | | <p>৭. ডিসি-এর CCL ভিত্তিতে জমির প্রতিস্থাপন মূল্যের জন্য অতিরিক্ত আর্থিক অনুদান প্রদান করা হবে।</p> <p>৮. ক্ষতিগ্রস্ত ব্যক্তি কর্তৃক বিকল্প জমি ক্রয় সহজতর করার জন্য জমির বর্তমান বাজার মূল্যের সাথে সিএমপি(CMP)-এর জন্য স্ট্যাম্প ডিউটি ও নিবন্ধন খরচ @ ১১.৫% যোগ করা হবে।</p> |
| ২ | মালিক/চাষী/ভাড়াটে/বর্গাচাষী(shared cropper) এর চাষযোগ্য জমিতে প্রবেশাধীকার হারানো (losing access) | ভাড়াটে/ বর্গাচাষী /আইনগত মালিক/উৎপাদনকারী/সামাজিকভাবে পরিচিত মালিক/ইজারাদার/জমিতে অননুমোদিত বাসকারী | <p>১. জমিতে অবস্থানরত ফসলাদির জন্য প্রকৃত মালিক/চাষী / বর্গাচাষী বা ইজারাদারদের পিভিএসি (PVAC) কর্তৃক নির্ধারিত ক্ষতিপূরণ।</p> <p>২. মালিক/উৎপাদনকারী ফসলাদি পাবে।</p> | <p>১. JVS কর্তৃক সকল ব্যক্তিকে ভাড়াটে বা বর্গাচাষী হিসেবে সনাক্ত</p> <p>২. ভূমির অধিগ্রহণ করার পর অনুদান প্রদান করতে হবে এবং আইনগত/সামাজিকভাবে পরিচিত মালিক কর্তৃক প্রাপ্তির সাক্ষ্যদানের (certification of receipt) পর আইনগত/সামাজিকভাবে পরিচিত মালিককে</p> |

| | | | | |
|---|-----------------------|-----------------------------|--|--|
| | | | | <p>জমির জন্য CCLপ্রদান করা হবে।</p> <p>৩. ব্যক্তি মালিকানাধীন জমিতে নিজেই ফসল চাষ করলে পিভিএসি কর্তৃক সুপারিশক্রমে ফসল ক্ষতিপূরণের (Crop compensation) বর্তমান বাজার মূল্য হিসেবে অতিরিক্ত অনুদান প্রদান।</p> <p>৪. ব্যক্তিমালিকানাধীন জমি বা সামাজিকভাবে পরিচিত মালিকানার ক্ষেত্রে বর্গাচাষের নির্দেশিকা অনুযায়ী মালিক ও বর্গাচাষীর মধ্যে ফসলাদি ও ফসল ক্ষতিপূরণের (Crop compensation) ভাগ করা হবে।</p> <p>৫. বর্গাচাষের মৌখিক চুক্তির ক্ষেত্রে কোনও বির্তকের সম্মুখীন হলে নির্বাচিত প্রতিনিধির সাক্ষ্য আইনগত পত্র বলে গণ্য হবে।</p> |
| ৮ | ভাড়াজনিত আয়ের ক্ষতি | JVS কর্তৃক নথিভুক্ত ভাড়াটে | ভাড়া থেকে আয়ের সমতুল্য তিন মাসের জন্য প্রতি কাঠামোর জন্য | ১. JVS কর্তৃক নথিভুক্ত |

| | | | | |
|----|---|--|---|---|
| | | স্থাপনা (আবাসিক, বাণিজ্যিক) এর মালিকগণ | নিম্নোক্ত হারে ট্রানজিট ভাতা প্রদেয় হবে: <ol style="list-style-type: none"> ১. কাঁচা কাঠামোর জন্য প্রতি মাসে ৳৫০০০/- ২. সেমি-পাকা (অথবা ৫০০ বর্গফুটের নীচে পাকা) কাঠামোর জন্য প্রতি মাসে ৳১০,০০০/- ৩. পাকা কাঠামো / এ্যাপার্টমেন্ট (৫০০ বর্গফুট ও উর্দে) প্রতি মাসে ৳১৫,০০০/- | ব্যক্তিগণ <ol style="list-style-type: none"> ২. প্রকল্প এলাকা হতে স্থানান্তরের (relocation) পর আর্থিক অনুদান প্রদান। |
| ৯ | এলাকা হতে অপসারণের কারণে আয় ও কর্মক্ষম দিনের ক্ষতি | যৌথ প্রতিপাদন কমিটি (Joint Verification Committee, JVC) কর্তৃক সনাক্তকৃত কর্মীগণ | <ol style="list-style-type: none"> ১. ক্ষতিগ্রস্থ কর্মী/ মজুরী উপার্জনকারীদের ৪৫ দিনের সমতুল্য প্রতি দিনের জন্য অদক্ষ শ্রমিকের ক্ষেত্রে মজুরী @ ৳৪০০/- এবং দক্ষ শ্রমিকের ক্ষেত্রে প্রতি দিনের জন্য @ ৳৬০০/- আর্থিক অনুদান প্রদান করা হবে। ২. যদি পাওয়া যায়, প্রকল্পের নির্মাণ কাজে পছন্দসই চাকরীর ব্যবস্থা। | <ol style="list-style-type: none"> ১. JVS কর্তৃক নথিভুক্ত ব্যক্তিগণ ২. দখল/মালিকানা নেওয়ার সময় আর্থিক অনুদান প্রদান করতে হবে। ৩. প্রকল্পের সিভিল ওয়ার্কে আবশ্যিক অংশগ্রহণ। ৪. আয়ের উৎস সৃষ্টিকারী কর্মকাণ্ডে (income generating activities) প্রশিক্ষণ |
| ১০ | দরিদ্র এবং বিপদাপন্ন পরিবারসমূহ | JVC কর্তৃক সনাক্তকৃত দরিদ্র এবং বিপদাপন্ন পরিবারসমূহ | <ol style="list-style-type: none"> ১. ক্ষতিগ্রস্থ মহিলা পরিবার-প্রধান বিশিষ্ট এবং অন্যান্য বিপদাপন্ন পরিবারসমূহকে অতিরিক্ত | <ol style="list-style-type: none"> ১. বিপদাপন্ন পরিবার সনাক্তকরণ ২. বিপদাপন্ন পরিবারসমূহের জন্য |

| | | | | |
|----|--|--------------------------------------|--|--|
| | | | <p>৳১০,০০০/- আর্থিক অনুদান</p> <p>২. ক্ষতিগ্রস্ত/ক্ষতিগ্রস্ত পরিবার কর্তৃক মনোনীতদের জন্য IGA প্রশিক্ষণ</p> | <p>আয় পুনরুদ্ধার পরিকল্পনা</p> <p>৩. আয়ের উৎস সৃষ্টিকারী কর্মকাণ্ডে (income generating activities) প্রশিক্ষণ</p> |
| ১১ | নির্মাণকালীন সময়ে সাময়িক প্রভাব (impact) | ব্যক্তি/স্থানীয় জনগোষ্ঠী(Community) | <p>১. borrow materialsএর সংগ্রহ ও পরিবহণ এবং অন্যান্য যন্ত্রাদির ব্যবহারের কারণে কাঠামো বা ভূমির উপর প্রভাবজনিত যে কোনও খরচ ঠিকাদার বহন করবে।</p> <p>২. প্রস্তাবিত RoWএর বাইরে যে কোনও জমি অস্থায়ীভিত্তিতে ব্যবহারের জন্য জমির মালিক ও ঠিকাদারের লিখিত অনুমোদন লাগবে।</p> <p>৩. জমি পূর্বের ন্যায় বা পূর্বের চেয়ে ভালো অবস্থায় পুনর্বাসন করে মালিককে ফেরত দেয়া হবে।</p> | <p>১. নির্মাণ কাজ শুরু করার আগে স্থানীয় জনগণের সাথে বায়ু দূষণ, শব্দ দূষণ, ও অন্যান্য পরিবেশগত প্রভাব বিষয়ে আলোচনা করা উচিত হবে।</p> <p>২. ক্যাম্পে অবস্থানরত শ্রমিকদের নির্মাণকালীন সময়ে নিরাপত্তা ব্যবস্থা, স্বাস্থ্যগত নিরাপত্তা, যৌনবাহিত রোগ ইত্যাদি সম্পর্কে সচেতন করা হবে। ঠিকাদার নির্মাণ সাইটে প্রাথমিক চিকিৎসার বাক্সসহ অন্যান্য নিরাপত্তামূলক ব্যবস্থা যেমন কভম থাকা নিশ্চিত করবে।</p> |

খরচ প্রাক্কালন এবং বাজেট (Cost Estimate and Budget)

পুনর্বাসন কর্ম পরিকল্পনাবাস্তবায়নের জন্য মোট প্রাক্কালিত খরচের মধ্যে ভূমির ক্ষতিপূরণ, কাঠামো, বৃক্ষাদি, ট্রানজিশন(transition) ভাতা, স্থানান্তর সহায়তা, মজুরী আয়ের ক্ষতি, ইত্যাদি রয়েছে। প্রশিক্ষণ ও আর্থিক অনুদান এবং পুনর্বাসন কর্ম পরিকল্পনাবাস্তবায়নকারী সংস্থার সেবা খরচ (Service Charge) -সহ সকল পুনর্বাসন খরচ বাংলাদেশ সরকারের সম্মতিপ্রাপ্ত অর্থনৈতিক পরিকল্পনার ভিত্তিতে EA (DMTC)বহন করবে। বর্তমান বাজার মূল্য হিসেবে সর্বমোট প্রাক্কালিত খরচ ৳১৯,০৩৮,৬৭৭,৩৯৬/- যা সারণী-৩ এ দেখানো হয়েছে:

সারণী-৩: সূচক প্রাক্কালিত খরচের সারাংশ

| ক্ষতির ধরণ | একক | পরিমাণ | হার (টাকা) | মোট টাকা |
|--|-----------|---------|---------------|----------------|
| ভূমির ধরণ | | | | |
| কৃষি ও ভিটা | হেক্টর | ২১.৯৯৫ | ৫২৪,২৭০,০০০ | ১১,৫৩১,৩১৮,৬৫০ |
| অন্যান্য | হেক্টর | ১.৫৭২১৮ | ১,১৭৭,৬৬৬,৬৭৯ | ১,৮৫১,৫০৪,০০০ |
| ভূমি অধিগ্রহণের জন্য উপ-মোট | | ২৩.৫৭ | | ১৩,৩৮২,৮২২,৬৫০ |
| স্ট্যাম্প ডিউটি ও নিবন্ধন ফী | | | | ১,৫৩৯,০২৪,৬০৫ |
| মূল কাঠামো (আবাসিক ও বাণিজ্যিক) | | | | |
| খড়ের | বর্গমিটার | ০.৯৩ | ১,৩৯৮.৮০ | ১,৩০১ |
| কাঁচা | বর্গমিটার | ৩,৮৪২ | ২,৩৯৯.৪৮ | ৯,২১৮,৮০২ |
| সেমি-পাকা | বর্গমিটার | ৫,১১৭ | ৮,৫৭৫.০০ | ৪৩,৮৭৮,২৭৫ |
| পাকা | বর্গমিটার | ৭,৭৬৫ | ১৯,৭৯৮.৪০ | ১৫৩,৭৩৪,৫৭৬ |
| টিন | বর্গমিটার | ৯৭৮ | ২,৮৭২.৯২ | ২,৮০৯,৭১৬ |
| তেরপল | বর্গমিটার | ২২৮ | ৯৪৬.৮৮ | ২১৫,৮৮৯ |
| মূল কাঠামোর জন্য উপ-মোট | | ১৭,৯৩১ | | ২০৯,৮৫৮,৫৫৮ |
| সেকেভারি কাঠামো | | | | |
| পায়খানা (পাকা) | নং | ৩ | ৪৫৮৪৬ | ১৩৭,৫৩৮ |
| পায়খানা (স্ল্যাব) | নং | - | ৫৫৯১ | - |
| পায়খানা (কাঁচা) | | - | ৩৩৩২ | - |
| নলকূপ | | - | ৩০২৪৪ | - |
| সীমানা প্রাচীর (পাকা ও টিন) | আর এম | ১১৪ | ১৬৯৬ | ১৯৩,৩৪৪ |
| সেকেভারি কাঠামো-এর জন্য উপ-মোট | | | | ৩৩০,৮৮২ |

| | | | | |
|--|--------|-------|-----------|------------|
| বৃক্ষাদি (গড় হার এর ভিত্তিতে) | | | | |
| বড় | | ১১৩ | ৮,৬৭২.৫৭ | ৯৮০০০০ |
| মাঝারী | | ৩১ | ৬,১৫১.৬১ | ১৯০৭০০ |
| ছোট | | ৯৯ | ২,১৪৩.৪৩ | ২১২২০০ |
| চারাগাছ | | ৬ | ১৪,২০০.৩৩ | ৮৫২০২ |
| বাঁশ | | ০ | | ০ |
| কলা | | ৭৭ | ১৫৩.২৫ | ১১৮০০ |
| বৃক্ষাদির জন্য উপ-মোট | | ৩২৬ | | ১,৪৭৯,৯০২ |
| পুনর্বাসন সুবিধা | | | | |
| ফসল ক্ষতিপূরণ (৮০% কৃষি/অন্যান্য @৬৪০০/- ডেসি প্রতি বা ৮৯৮,৮০০/- হেক্টর প্রতি) | হেক্টর | ১৭.৬০ | ৯৮,৮০০.০০ | ১,৭৩৮,৪৮৫ |
| ফলাদি ক্ষতিপূরণ (বড় ও ছোট ফলের গাছের জন্য কাঠের মূল্যের ৩০%) | | | | ১,৪১৯,৬৯০ |
| গাছ হারানো প্রতি ক্ষতিগ্রস্ত পরিবারের জন্য চারাগাছের খরচ, ৫ টি গাছ@৮২৫০ =৮১২৫০/- | নং | ৩৮.০০ | ১,২৫০.০০ | ৪৭,৫০০ |
| কাঠামো হস্তান্তর অনুদান (Structure Transfer Grant (STG)) মূল কাঠামোর প্রতিস্থাপন মূল্যের @১২.৫% | | | | ২৬,২৩২,৩২০ |
| কাঠামো পুননির্মাণ অনুদান (Structure Reconstruction Grant (SRG)) মূল কাঠামোর প্রতিস্থাপন মূল্যের @১২.৫% | | | | ২৬,২৩২,৩২০ |
| বহনযোগ্য উপকরণের জন্য নিম্নোক্ত হারে এককালীন অনুদান: ১. নং ৮৩@৬৩০০০/-: কাঁচা কাঠামোর জন্য ২. নং ৫২@৬৫০০০/-: সেমি-পাকা কাঠামোর জন্য ৩. নং ১৬৮@৬৭০০০/-: পাকা কাঠামোর জন্য | নং | | | ১,৬৮৫,০০০ |
| ইউটিলিটি সেবা, যেমন, বৈদ্যুতিক সংযোগ, পানি সরবরাহ লাইন, | | | | ২০,৯৮৫,৮৫৬ |

| | | | | |
|---|----|------|------------|---------------|
| টেলিফোন লাইন ইত্যাদির স্থানান্তর ও পুনঃস্থাপনের খরচের জন্য কাঠামোর বর্তমান বাজার মূল্যের ১০% হিসেবে অনুদান | | | | |
| অন্যত্র ৬ মাসের কার্যদি চালানোর জন্য একই ধরনের জায়গার জন্য মাসিক নিয়োগ ভাতা (Monthly Hiring Allowance (MHA)), প্রতি মাস @ ৳১৫০০/- | নং | ১০৩৭ | ৯,০০০.০০ | ৯,৩৩৩,০০০ |
| subsurface easement ক্রয়ের জন্য জমির বর্তমান বাজার মূল্যের ২০% হারে এককালীন অর্থ প্রদান | | | | ২,৫৫১,৩০০,০০০ |
| পিভিএসি কর্তৃক কাঠামোর প্রতিস্থাপন মূল্য মিলিয়ে জমির কমন প্রপার্টি রিসোর্সের আর্থিক ক্ষতিপূরণ নির্ধারণ (আবাসিক ও বাণিজ্যিক কাঠামোর আর্থিক ক্ষতিপূরণ যোগ করে) | নং | | | - |
| কমন প্রপার্টি রিসোর্সের বিচ্ছিন্নকরণ ও পুননির্মাণ (Dismantling and reconstruction) এর জন্য আর্থিক সহায়তা | নং | ২৪ | ৩০০,০০০.০০ | ৭,২০০,০০০ |
| প্রতি স্থানান্তরিত ভাড়াটের আসবাবপত্র ও অন্যান্য জিনিসপত্র স্থানান্তরের জন্য বাড়ি স্থানান্তর অনুদান (House Transfer Grant (HTG)) | নং | ২৯ | ৪,০০০.০০ | ১১৬,০০০ |
| বাণিজ্যিক প্রতিষ্ঠানের মজুতকৃত মাল স্থানান্তরের জন্য মজুত স্থানান্তর খরচ (Stock Transfer Cost): ক্ষুদ্র ব্যবসা (৬৪৭) @ ৳৫,০০০/- মাঝারী ব্যবসা (২৪৯) @ ৳১০,০০০/- বড় ব্যবসা (১৪০) @ ৳১৫,০০০/- | নং | ১০৩৬ | | ১,৮২০,০০০ |
| প্রতি পরিবার বা প্রতিষ্ঠানের বিকল্প বাসস্থান/CBEs এর জন্য | নং | ১০৬৫ | ৫,০০০.০০ | ৫,৩২৫,০০০ |

| | | | | |
|---|----|------|-------|----------------|
| এককালীন ৳৫,০০০/- আর্থিক অনুদান | | | | |
| ব্যবসা/আয়-এর ক্ষতির জন্য তিন মাসের সমতুল্য জীবিকা নির্বাহের (income subsistence) জন্য: ক্ষুদ্র ব্যবসা (৬৪৭) @৳৬,০০০/- (৳২০০০/-X৩) মাঝারী ব্যবসা (২৪৯) @৳১২,০০০/- (৳৪০০০/-X৩) বড় ব্যবসা (১৪০) @৳১৮,০০০/- (৳৬০০০/-X৩) | নং | ১০৩৬ | | ৯,৩৯০,০০০ |
| ভাড়া হতে আয়ের ক্ষতির কারণে প্রতিটি ক্ষতিগ্রস্ত ভাড়ার স্থাপনার জন্য তিন মাসের জন্যমাসিক সমতুল্য ট্রানজিশন ভাতা (Transition allowance, TA) | নং | ৩৬০ | ৩০০০০ | ১০,৮০০,০০০ |
| ক্ষতিগ্রস্ত কর্মী/মজুরীপ্রাপ্তদের জন্য ৪৫ দিনের সমতুল্য মজুরী: অদক্ষ শ্রমিক (১১২৯) দিনপ্রতি @ ৳৪০০/- দক্ষ শ্রমিক (৯৬) দিনপ্রতি @ ৳৬০০/- | নং | ১২২৫ | | ২২,৯১৪,০০০ |
| মহিলা পরিবার- প্রধান বিশিষ্ট পরিবার ও অন্যান্য বিপদাপন্ন পরিবারের জন্য অতিরিক্ত ৳১০,০০০/- আর্থিক অনুদান | নং | ১৬৬ | ১০০০০ | ১,৬৬০,০০০ |
| ক্ষতিগ্রস্ত/ক্ষতিগ্রস্ত ব্যক্তি কর্তৃক মনোনীত ব্যক্তির জন্য IGA প্রশিক্ষণ | নং | ১৬৬ | ২০০০০ | ৩,৩২০,০০০ |
| উপ-মোট -এফ | | | | ২,৭০১,৫১৯,১৭০ |
| উপ-মোট - এ - এফ | | | | ১৭,৮৩৫,০৩৫,৭৬৭ |
| অন্যান্য | | | | |
| পুনর্বাসন কর্ম পরিকল্পনা বাস্তবায়নকারী এনজিও (আন্তর্জাতিক বেসরকারী সংস্থা) এর পরিচালন খরচ | | | | ৪০,০০০,০০০ |
| মোট অর্থসংস্থানের ৫% হারে | | | | ৮৯১,৭৫১,৭৮৮ |

| | | | | |
|--|--|--|--|----------------|
| অপ্রত্যাশিত বিষয়াদির জন্য আনুমানিক খরচ (Contingency for unforeseen issues) | | | | |
| ২% হারে ডিসি (DC)-দের ক্ষতিপূরণ বাবদ প্রশাসনিক খরচ (এ, সি, ডি এবং ই) | | | | ২৭১,৮৮৯,৮৪০ |
| সর্বমোট, টাকা | | | | ১৯,০৩৮,৬৭৭,৩৯৬ |